# ফেব্রুয়ারিতে ইতিহাসের সবচেয়ে নিরপেক্ষ ভোটের প্রত্যাশা: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন হবে সবচেয়ে নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন—এমন আশাবাদ ব্যক্ত করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লে. জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী।

রোববার সকালে রাজশাহীর সারদায় ৪১তম বিসিএস পুলিশ ক্যাডারের শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারদের মৌলিক প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে পুলিশের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তিনি জানান, এই প্রথমবারের মতো নির্বাচনকালীন দায়িত্ব পালনের জন্য পুলিশ সদস্যদের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আসন্ন ভোটে প্রায় দেড় লাখ পুলিশ সদস্য দায়িত্ব পালন করবেন বলেও উল্লেখ করেন তিনি।

স্বরাষ্ট্র উপদেষ্টা পুলিশ সদস্যদের উদ্দেশে বলেন, প্রার্থী বা তাদের প্রতিনিধিদের কাছ থেকে কোনো ধরনের সুবিধা গ্রহণ না করতে এবং নিরপেক্ষতা বজায় রাখতে হবে। এতে জনগণের আস্থা আরও দৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

LENS ASIA